



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

(www.barisalboard.gov.bd)

স্মারক নং- বশিবো/পনি/এসএসসি/২০১৫/৪০৩

তারিখঃ ০৬ জানুয়ারি, ২০১৫

বিষয়ঃ ২০১৫ সালের এসএসসি পরীক্ষার কেন্দ্র কমিটি গঠন সংক্রান্ত বিজ্ঞপ্তি।

বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন ২০১৫ সালের এসএসসি পরীক্ষা কেন্দ্রের সকল তত্ত্বাবধায়ক কর্মকর্তা (জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার) কে জানানো যাচ্ছে যে, ২০১৫ সালের এসএসসি পরীক্ষার “কেন্দ্র কমিটি” নিম্নরূপে গঠন করে তার তালিকা আগামী ২২ জানুয়ারি ২০১৫ তারিখের মধ্যে বরিশাল শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

অনধিক ১৫(পনের) সদস্য সমন্বয়ে ‘কেন্দ্র কমিটি’ নিম্নরূপে গঠন করতে হবেঃ

(১) চেয়ারম্যানঃ জেলা সদরের জন্য জেলা প্রশাসক, উপজেলা ও অন্যান্য স্থানের কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার অথবা প্রথম শ্রেণির একজন কর্মকর্তা।

(২) সদস্যবৃন্দঃ

ক) জেলা শিক্ষা অফিসার (জেলা সদরের জন্য), উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (উপজেলার ক্ষেত্রে)।

খ) বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত কেন্দ্রাধীন সকল বিদ্যালয় প্রধান। প্রয়োজনবোধে স্থানীয় মহাবিদ্যালয় সমূহের অধ্যক্ষগণও সদস্য হতে পারবেন।

গ) শিক্ষায় আগ্রহী স্থানীয় ব্যক্তিগণ কেন্দ্র কমিটির চেয়ারম্যান কর্তৃক সদস্য হিসেবে মনোনীত হতে পারবেন।


(৩) কেন্দ্র সচিবঃ

কমিটি নিম্নবর্ণিত নিয়মে কেন্দ্র সচিব নির্বাচিত করবেনঃ

কেন্দ্র প্রতিষ্ঠানের প্রধান কেন্দ্রসচিব হবেন। প্রয়োজনে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/ সহকারী প্রধান শিক্ষক/কেন্দ্রাধীন স্কুলের দক্ষ, অভিজ্ঞ প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে কোনো শিক্ষক এর ছেলে/মেয়ে সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্রসচিব হতে পারবেন না।

(৪) কেন্দ্রের তত্ত্বাবধায়ক কর্মকর্তাঃ

কেন্দ্র কমিটির চেয়ারম্যান কেন্দ্রের তত্ত্বাবধায়ক কর্মকর্তা হবেন। যদি কোনো অনিবার্য কারণে চেয়ারম্যান তত্ত্বাবধায়ক কর্মকর্তা হিসেবে কর্তব্য পালনে অপারগ হন তাহলে তিনি একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তাকে অতিরিক্ত তত্ত্বাবধায়ক কর্মকর্তা নিযুক্ত করবেন। এরূপ নিযুক্তির ক্ষেত্রে লক্ষ রাখতে হবে যে, কোনো বিভাগের কোনো উচ্চ পদস্থ অফিসার যেন কোনো নিম্ন পদস্থ অফিসারের অধীন না হন।


৬.১.১৫
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

ফোনঃ ০৪৩১-৬৪০৮৫

ই-মেইলঃ barisalboard@gmail.com